

৬৫

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 2.6 JUL-1995 ...

পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

গণশিক্ষার একটি অনন্য দৃষ্টান্ত—

স্টাফ রিপোর্টার

উ জরুরির উত্তর সীমান্তবর্তী অবহেলিত জেলা শালমনিরহাট এখন ব্যস্ত এবং উৎসবমুখর। জেলাটি আজ থেকে 'গণশিক্ষা ক্ষেত্রে একটি মডেল' হিসাবে স্বীকৃতি পেতে যাচ্ছে। জেলার প্রায় সোয়া দুই লাখ বয়স্ক নর-নারী ২৫ সেপ্টেম্বর ৬ মাসব্যাপী (শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

গণশিক্ষার একটি

(প্রথম পাতার পর)
শিক্ষাগ্রহণ শেষ করেছেন। ২৬ সেপ্টেম্বর (মঙ্গলবার) দিনভর অনুষ্ঠিত হবে তাদের মূল্যায়ন পরীক্ষা। তারা জেলার ৫টি থানার ৬০১টি পরীক্ষা কেন্দ্রে একযোগে এই মূল্যায়ন পরীক্ষা দেবেন।
ছ'মাস ব্যাপী গণশিক্ষা কার্যক্রম তথা মূল্যায়ন পরীক্ষা তদারক করার জন্য 'শালমনিরহাট গণশিক্ষা সমিতি' বিভিন্ন জেলার জেলা প্রশাসক, ইনফোর্মেশন কর্মকর্তা, এনজিও কর্মকর্তা, কূটনৈতিক মিশনের প্রধান, বিভিন্ন রাজনৈতিক দলের নেতা, বিভিন্ন পত্রিকার সম্পাদক ও সাংবাদিকদের আমন্ত্রণ জানানো হয়েছে।
'৯৩ সাল থেকে জেলা প্রশাসক কাজী ফরিদ আহমদের নেতৃত্বে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে এ জেলায় এই ব্যতিক্রমধর্মী গণশিক্ষা কার্যক্রম শুরু হয়। পরে জেলার সকল সরকারী-বেসরকারী কর্মকর্তা, রাজনৈতিক ব্যক্তিত্ব, সাংবাদিক, আনসার, বেকার যুবক-যুবতী স্বতন্ত্রভাবে এই কার্যক্রমে অংশ নেন।

17/78/79